আজকের কাগজ

তারিখ 26 JAN 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

৫৷

# বাঘাইছড়ির বটতলী বিদ্যালয়ের শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের অভিযোগ

রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি থানার বটতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। বটতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক অক্টোবর '৯৪ থেকে ডিসেম্বর '৯৪ পর্যন্ত মোট তিন মাসের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির আওতায় খাদ্য সামগ্রীর বরাদ্দ পত্র গ্রহণ করেন। পরবর্তীতে ম্যানেজিং কমিটির সদস্যদের অবগত না করে সব গম গোপনে কালোবাজারে বিক্রি করে দেন। ম্যানেজিং কমিটির সভাপতি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ৫ টাকা কেজি হিসেবে দু'মাসের বরাদ্দকৃত গমের টাকা প্রদান করেন। কিন্তু অপর এক মাসের গম কিংবা তার টাকা প্রদান করা হয়নি। অপরদিকে বিদ্যালয়ের গম আত্মসাতের ব্যাপারে বাঘাইছড়ি থানা নির্বাহী কর্মকর্তা অবহিত হওয়ার পর বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতিকে মৌখিকভাবে কৈফিয়ৎ তলব করলে সভাপতি জানান, গম খাওয়ার উপযোগী নয় বলে বাজারে বিক্রি করা হয়েছে। রাঙ্গামাটি থেকে শামসুল আলম।